শ্রমিক বিক্ষোভে অচল ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক, কারখানায় ভাঙচুর



ছবি: সংগৃহীত

বেতন-ভাতা ও বোনাস বাড়ানোর দাবিতে গাজীপুরের কালিয়াকৈরে পোশাকশ্রমিকদের বিক্ষোভে অচল হয়ে পড়েছে ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের একটি অংশ। মঙ্গলবার (২৭ অক্টোবর) বেলা ১১টা থেকে মৌচাক এলাকায় শুরু হওয়া এ আন্দোলনে প্রায় পাঁচ কিলোমিটার সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। আটকে পড়েন বিভিন্ন গন্তব্যের যাত্রীরা।

আন্দোলনে অংশ নেওয়া কয়েকটি পোশাক কারখানার শ্রমিকরা কর্মবিরতি দিয়ে সড়কে জড়ো হন। তাঁদের দাবির মধ্যে রয়েছে বেতন-ভাতা ও বোনাস বৃদ্ধি।

বিক্ষোভ চলাকালে স্থানীয় সাদমা টেক্সটাইল কারখানায় ভাঙচুরের ঘটনা ঘটে। এরপর শ্রমিকরা মহাসড়কের দুই পাশের লেনে অবস্থান নিলে যান চলাচল বন্ধ হয়ে যায়। সৃষ্টি হয় দীর্ঘ যানজট।

কালিয়াকৈর থানার ওসি শহিদুল ইসলাম বলেন, আন্দোলনরত শ্রমিকদের সঙ্গে আলোচনা চলছে। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে শিল্প পুলিশও আসছে।

LENS ASIA